গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
উন্নয়ন শাখা-৩
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd

নম্বর: ২৫.৩৬.০০০০.২৩২.০৭.৫২৯.২২.৩১৮

তারিখ: ৮ কার্তিক ১৪২৯
২৪ অক্টোবর ২০২২

ভৌতসেবা ক্রয় প্রক্রিয়া সংক্রান্ত অফিস আদেশ

ভৌত সেবা (Physical Services or Non-Consulting Services) ক্রয় অথবা অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালার আওতায় জনবল নিয়োজিতকরণের উদ্দেশ্যে গণপূর্ত অধিদপ্তরের আওতাধীনে গৃহীতব্য ক্রয় প্রক্রিয়ায় ও সংশ্লিষ্ট চুক্তি ব্যবস্থাপনাকালে নিম্নরূপ নির্দেশনাসমূহ প্রতিপালন করতে ক্রয়কারী এবং সংশ্লিষ্ট অপরাপর কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করা যাচ্ছেঃ

১। উন্নয়ন ও পরিচালন বাজেট নির্বিশেষে গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তাগণের ভৌতসেবা বা আউটসোর্সিং সংশ্লিষ্ট প্রাক্কলন এবং ক্রয়চুক্তি অনুমোদনের সর্বোচ্চ আর্থিক ক্ষমতা (লক্ষ টাকায়) নিম্নরূপ হবেঃ

ক্ষেত্র	প্রধান প্রকৌশলী	অতিরিক্ত প্রধান প্রকৌশলী*	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	নির্বাহী প্রকৌশলী
ক্রয়চুক্তি অনুমোদন	*৫০.০ (পঞ্চাশ)*	*২৫.০ (পচিশ)*	*১২.০ (বারো)*	*৩.০ (তিন)*
প্রাক্কলন অনুমোদন	-	পূর্ণ ক্ষমতা	*১২.০ (বারো)*	*৩.০ (তিন)*

২। ভৌত সেবা (আউটসোর্সিং ব্যতিরেকে) ক্রয়-প্রক্রিয়ার প্রারম্ভেই গণপূর্ত অধিদপ্তরের শিডিউল অব রেটস অথবা বাজারদর যাচাই এর মাধ্যমে একটি দাপ্তরিক প্রাক্কলন প্রণয়ন করতে হবে এবং উপর্যুক্ত ১ নং দফা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে উক্ত প্রাক্কলনে অনুমোদন গ্রহণ করতে হবে। জনবল নিয়োজিতকরণ (আউটসোর্সিং) সংশ্লিষ্ট ক্রয় প্যাকেজের ক্ষেত্রে প্রাক্কলন প্রনয়নকালে অর্থ বিভাগের আউটসোর্সিং সংক্রান্ত হালনাগাদ পরিপত্রসমূহের আঙ্গিকে আউটসোর্সড কর্মীর পারিশ্রমিক বিবেচনা করতে হবে এবং জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের কমিশন হিসেবে জনবলের সেবামূল্যের ১০% অর্থ বিবেচনা করা যেতে পারে। চুক্তি বাস্তবায়নকালে নিয়োজিত জনবলের ওভারটাইম দায়িত্বজনিত প্রকৃত পাওনাদি বাবদ (অর্থ বিভাগের পরিপত্র মোতাবেক প্রাপ্য পদের জন্য) পরিশোধযোগ্য অর্থ সংকুলানের জন্য প্রাক্কলনে প্রভিশনাল সাম (Provisional Sum) এর সংস্থান রাখা যেতে পারে।

৩। সংশ্লিষ্ট ক্রয়কারী সিপিটিইউ কর্তৃক পরিচালিত ইজিপি পোর্টালে অফলাইন/ম্যানুয়াল দরপত্র হিসেবে এপিপি প্রণয়ন করবেন ও দরপত্র অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট হতে উক্ত এপিপি'র অনুমোদন গ্রহণ করতে হবে।

৪। সিপিটিইউ এর ওয়েবসাইট হতে সংশ্লিষ্ট Standard Tender Document, PSN ডাউনলোডপূর্বক সংশ্লিষ্ট ক্রয় প্যাকেজের দরপত্র দলিল প্রস্তুত করতে হবে। দরপত্র দলিল প্রস্তুতকালে বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে যে, আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োজিতকরণের এর ক্ষেত্রে কেবলমাত্র Section 6: Activity Schedule এর Part: B ব্যবহার করতে হবে। অপরাপর ভৌত সেবা যেমনঃ ইভেন্ট ম্যানেজমেন্ট, গাড়ি ভাড়া, অফিস ভাড়া, ক্যাটারিং সেবা, হাউজকিপিং ইত্যাদি ক্ষেত্রে Activity Schedule এর Part: A প্রযোজ্য হবে। বিশেষভাবে উল্লেখ্য যে, Activity Schedule এর Part: B তে উল্লিখিত আউটসোর্সড জনবলের পারিশ্রমিক (Serial no.: A) এবং প্রভিশনাল সাম (Serial no.: D) অংশ দুটি

ক্রয়কারী নির্দিষ্ট করে দিবেন অর্থাৎ এতে জনবল সরবরাহকারী হিসেবে দরদাতা প্রতিষ্ঠানের দর দাখিলের সুযোগ থাকবে না।

5। আউটসোর্সিং আওতায় ঠিকাদারী সংস্থার মাধ্যমে জনবল নিয়োজিতকরণের ক্ষেত্রে বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা ৩ক (১) এ নিম্নরূপ নির্দেশনা রয়েছেঃ

> *অন্য কোন আইনে ভিন্নতর যাহাই কিছু থাকুক না কেন; কোন ঠিকাদার সংস্থা, যে নামে অভিহিত হোক না কেন, যাহা বিভিন্ন সংস্থায় চুক্তিতে বিভিন্ন পদে কর্মী সরবরাহ করে থাকে সরকারের নিকট রেজিস্ট্রেশন ব্যতীত এইরূপ কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না।*

বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর উক্তরূপ নির্দেশনা প্রতিপালনকল্পে আউটসোর্সড কর্মী নিয়োজিতকরণ সংশ্লিষ্ট দরপত্র ডকুমেন্টের Section 2: Tender Data Sheet (TDS) এর ITT 20.1(k) clause এ নিম্নরূপ অনুচ্ছেদ্ উল্লেখ করতে হবেঃ

> ***Updated License/Registration Document as manpower provider firm issued by Department of Inspection for Factories and Establishments (DIFE) in compliance of Section 3Ka(1) of Bangladesh Labor Act 2006. Failure in submitting of such document shall lead to the non-responsiveness of the concerned bidder.***

৬। অফলাইন দরপত্র হিসেবে ভৌত সেবা ক্রয় সংক্রান্ত দরপত্রসমূহ পিপিআর-২০০৮ এর বিধি ৮(২) অনুসরনে বহিঃসদস্যগণকে অন্তর্ভুক্তিপূর্বক গঠিত মূল্যায়ন কমিটির মাধ্যমে মূল্যায়ন কার্যাদি সম্পন্ন করতে হবে।

৭। আউটসোর্সিং আওতায় ঠিকাদারী সংস্থার মাধ্যমে জনবল নিয়োজিতকরণের ক্ষেত্রে চুক্তি বাস্তবায়নকালে Standard Tender Document এর GCC Clause 43.2 অনুসরনে প্রতিজন আউটসোর্সড কর্মীর পারিশ্রমিক বাবদ পাওনাদি উক্ত কর্মীর ব্যাংক হিসাবে এবং ঠিকাদারী সংস্থার কমিশন-বাবদ পাওনাদি উক্ত সংস্থার ব্যাংক হিসাবে পরিশোধের ব্যবস্থা করতে হবে।

...

২৪-১০-২০২২

মোহাম্মদ শামীম আখতার
প্রধান প্রকৌশলী
ফোন: ০২-৯৫৬২৭৯৫
ফ্যাক্স: ০২-৯৫৬২৯১৩
ইমেইল: ce@pwd.gov.bd

নম্বর: ২৫.৩৬.০০০০.২৩২.০৭.৫২৯.২২.৩১৮/১(১১)

তারিখ: ৮ কার্তিক ১৪২৯
২৪ অক্টোবর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (সওস)/ (পওবিপ্র)/ (ই-এম)/ (স্বাস্থ্য উইং)/ (ই-এম পিএন্ডডি), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, ঢাকা/ ঢাকা মেট্রোপলিটন/ ময়মনসিংহ/ গোপালগঞ্জ/ চট্টগ্রাম/ খুলনা/ সিলেট/ বরিশাল/ রাজশাহী/ রংপুর।

৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, (নগরাঞ্চলের ভবন সুরক্ষা প্রকল্প), পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, ৫৬০ মডেল মসজিদ নির্মাণ প্রকল্প, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, চিফ জুডিসিয়াল আদালত ভবন নির্মাণ প্রকল্প, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সংস্থাপন/ পিপিসি/ উন্নয়ন/ পেকু/ মনিটরিং এন্ড অডিট/ ই-এম পিএন্ডডি/ প্রকল্প সার্কেল-১/২/ ডিজাইন সার্কেল-১/ ২/ ই-এম ডিজাইন/ ই-এম প্ল্যানিং/ গণপূর্ত এমআইএস, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-১/ ২/ ৩/ ৪, ঢাকা/ সাভার/ রক্ষণাবেক্ষণ/ ই-এম সার্কেল-১/ ২/ ৩/ ৪, ঢাকা/ ময়মনসিংহ/ চট্টগ্রাম-১/ ২/ ই-এম চট্টগ্রাম/ কুমিল্লা/ সিলেট/ রাজশাহী/ রংপুর/ বগুড়া/ বরিশাল/ খুলনা/ যশোর/ গোপালগঞ্জ/ টাঙ্গাইল/ দিনাজপুর/ পাবনা/ রাঙ্গামাটি।

৮) পরিচালক, পিডব্লিউডি ট্রেনিং একাডেমী, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।

৯) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১/ গণপূর্ত বিভাগ-২/ নগর/ আরবরিকালচার/ গণপূর্ত বিভাগ-৩/গণপূর্ত বিভাগ-৪ /ইডেন ভবন/ মেডিকেল/ এসবি নগর-১/ ২/ ৩/ মহাখালী/ মতিঝিল/ আজিমপুর/ সম্পদ, ঢাকা/ নারায়নগঞ্জ/ মুন্সীগঞ্জ/ নরসিংদী/ সাভার/ মিরপুর/ গাজীপুর/ মানিকগঞ্জ/ রক্ষণাবেক্ষণ, ঢাকা/ রক্ষণাবেক্ষণ, চট্টগ্রাম/ গণপূর্ত ই-এম বিভাগ-১/ ২/ ৩/ ৪/ ৫/ ৬/ ৭/ ৮/ ৯/ ১০/ ১১/ ই-এম কারখানা/ কাঠের কারখানা/ই-এম পিএন্ডডি, ময়মনসিংহ/ ই-এম পিএন্ডডি, গোপালগঞ্জ/ ই-এম পিএন্ডডি-৩, ঢাকা/ ঢাকা ই-এম প্ল্যানিং-১/ ২/ ৩/ ঢাকা ই-এম এমআইএস-১/ ২/ ৩/ ঢাকা ই-এম ডিজাইন-১/ ২/ ৩/ ময়মনসিংহ/ টাঙ্গাইল/ কিশোরগঞ্জ/ জামালপুর/ নেত্রকোনা/ শেরপুর/ চট্টগ্রাম বিভাগ-১/ চট্টগ্রাম বিভাগ-২/ খাগড়াছড়ি/ রাঙ্গামাটি/ চট্টগ্রাম বিভাগ-৩/ চট্টগ্রাম বিভাগ-৪/ কক্সবাজার/ বান্দরবান/ গণপূর্ত ই-এম বিভাগ-১, চট্টগ্রাম/ গণপূর্ত ই-এম বিভাগ-২, চট্টগ্রাম/ কুমিল্লা/ নোয়াখালী/ বি-বাড়ীয়া/ চাঁদপুর/ ফেনী/ লক্ষীপুর/ সিলেট/ মৌলভীবাজার/ সুনামগঞ্জ/ হবিগঞ্জ/ রাজশাহী-১/ রাজশাহী-২/ পাবনা/ নওগাঁ/ নাটোর/ চাঁপাইনবাবগঞ্জ/ রংপুর/ কুড়িগ্রাম/ দিনাজপুর/ পঞ্চগড়/ ঠাকুরগাঁও/ গাইবান্ধা/ নীলফামারী/ লালমনিরহাট/ বগুড়া/ সিরাজগঞ্জ/ জয়পুরহাট/ খুলনা-১/ খুলনা-২/ সাতক্ষীরা/ বাগেরহাট/ বরিশাল/ ভোলা/ মাদারীপুর/ পটুয়াখালী/ বরগুনা/ পিরোজপুর/ ঝালকাঠি/ গোপালগঞ্জ/ শরিয়তপুর/ যশোর/ চুয়াডাঙ্গা/ কুষ্টিয়া/ ফরিদপুর/ ঝিনাইদহ/ নড়াইল/ মেহেরপুর/ রাজবাড়ী/ মাগুড়া/ জরিপ, ঢাকা।

১০) প্রধান প্রকৌশলী মহোদয়ের ষ্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

১১) নির্বাহী প্রকৌশলী (ই/এম), এম.আই.এস বিভাগ-২, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।